# যশোর বোর্ড–২০১৬

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা: প্রথম পত্র — বিষয় কোড: ২ ৭ ৭

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল — পূর্ণমান — ৬০

*দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।*

১. যশোরের মাসুম ভারত থেকে মোটর সাইকেল আমদানি করে নড়াইলে বিক্রয় করেন। এ ব্যবসায় করে তিনি প্রচুর লাভ করতেন। এ বছর জুন মাসে যে মোটর সাইকেল আমদানি করেছেন সেগুলো ডিসেম্বর মাসে নড়াইলে বিক্রয় করলে বেশি লাভ হতো। কিন্তু তার আমদানিকৃত মোটর সাইকেল রাখার ব্যবস্থা করতে না পারায় আগস্ট মাসেই বিক্রয় করে দেন।

ক. প্রাথমিক শিল্প কী? ১

খ. মুনাফাকে কেন ঝুঁকি গ্রহণের প্রতিদান বলা হয়? ২

গ. উদ্দীপকের আলোকে মাসুম কোন ধরনের বাণিজ্যে নিয়োজিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যবসায়ের সার্বিক দিক বিবেচনায় আগস্ট মাসেই তার মোটর সাইকেল বিক্রয়ের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

২. মাহমুদ কাপড়ের ব্যবসায় করেন। ঢাকার ব্যস্ততম এলাকা গুলিস্তানে তার দোকান। ঈদ সামনে রেখে তিনি তার দোকানের জন্য নরসিংদী থেকে প্রায় পাঁচ লক্ষ টাকার কাপড় ক্রয় করে আনার সময় পথে কতিপয় দুর্বৃত্ত তার কাছে মোটা অঙ্কের চাঁদা দাবি করে। তিনি চাঁদা দিতে অপারগ হলে দুবৃর্ত্তরা তার গাড়িতে আগুন ধরিয়ে দেয়। ফলে তার ব্যাপক ক্ষতি হয়।

ক. ব্যবসায় পরিবেশ কী? ১

খ. ব্যবসায়ের ওপর প্রাকৃতিক পরিবেশের প্রভাব কীরূপ? ২

গ. মাহমুদ ব্যবসায়ে কোন পরিবেশের কথা চিন্তা করে অনেক টাকার কাপড় ক্রয় করেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কোন পরিবেশের অভাবে তিনি ব্যাপক ব্যবসায়িক ক্ষতির সম্মুখীন হন? বিশ্লেষণ করো। ৪

৩. সোহাগ, সাত্তার ও সৌমিত্র তিন বন্ধু। সমঝোতার ভিত্তিতে প্রত্যেক সমান মূলধন বিনিয়োগ করে ঢাকার বাংলাবাজারে একটি আধুনিক প্রিন্টিং প্রেস চালু করেন। ব্যবসায়িক সফলতার কারণে তারা আরেকটি মেশিন ক্রয়ের সিদ্ধান্ত নিল। কিন্তু হাতে নগদ টাকা না থাকায় তারা এমন অংশীদার নেয়ার কথা ভাবছে তার দায় যেমনই হোক না কেন পরিচালনায় অংশ নিতে পারবে না।

ক. নামমাত্র অংশীদার কে? ১

খ. চুক্তিকে কেন অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি বলা হয়? ২

গ. উদ্দীপকে বন্ধুদের অংশীদারি ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. বন্ধুদের নতুন অংশীদার নেয়ার সিদ্ধান্তের যথার্থতা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

৪. জামিল একটি তাঁতি সমবায় সমিতির সদস্য। অন্যদের তুলনায় সে বিত্তবান। সমবায়ের ১০ লক্ষ টাকা শেয়ার মূলধনের মধ্যে জামিলের একার মূলধনই ২ লক্ষ টাকা। জামিল চায় মূলধন বাড়িয়ে সমবায়ের কর্তৃত্ব নিতে। কিন্তু নির্বাচনের সময় সবারই এক ভোট হওয়ায় তার চিন্তা কোনো কাজে আসেনি। সমবায়টির বার্ষিক মুনাফা হয়েছিল ২ লক্ষ টাকা। জামিলকে দেয়া হয়েছে ৩২ হাজার টাকা। সে আরও বেশি পাবে ভেবেছিলে। তাই সে ক্ষুব্ধ।

ক. উৎপাদক সমবায় সমিতি কী? ১

খ. সমবায় সমিতিতে মুনাফা কীভাবে বণ্টিত হয়? ২

গ. জামিল ইচ্ছা করলেই কি শেয়ার মূলধন বৃদ্ধি করতে পারত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জামিলের কম মুনাফা পাওয়া কি যুক্তিযুক্ত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৫. রকিব উদ্দিন একজন উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা। সম্প্রতি সরকার তাকে একটি ব্যবসায় প্রতিষ্ঠানের পরিচালক পদে নিয়োগ প্রদান করেছেন। প্রতিষ্ঠানটি ঢাকা শহরস্থ বাংলাদেশের সড়ক যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ঢাকা ও গাজীপুরে এর দুটি ওয়ার্কসপ রয়েছে। এটি সারাদেশে যাত্রী ও মালামাল পরিবহনের ক্ষেত্রে অবদান রেখেছে। সম্প্রতি ঢাকা শহরে স্কুলের শিশুদের আনা-নেয়ার ক্ষেত্রে প্রতিষ্ঠানটি সেবা দিচ্ছে।

ক. রাষ্ট্রীয় ব্যবসায় কী? ১

খ. রাষ্ট্রীয় ব্যবসায়ের উদ্দেশ্য প্রয়াশ ব্যর্থ হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত রকিব উদ্দিন কোন প্রতিষ্ঠানে কর্মরত রয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির সেবার মান সম্পর্কে তুমি কি সন্তুষ্ট? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬. মানজার একজন সফটওয়্যার ইঞ্জিনিয়ার। তিনি নতুন সফটওয়্যার উন্নয়ন করে তা নিবন্ধন করার পর ২০ লক্ষ টাকার 'স্কাই ব্লু' নামে একটি প্রতিষ্ঠানের কাছে বিক্রি করেন। উক্ত প্রতিষ্ঠানের নামের ওপর তিনটি পাখা সম্বলিত সুন্দর একটি চিহ্ন আছে। এক বছর পর তিনি লক্ষ করলেন তার উদ্ভাবিত সফটওয়্যার অন্য একটি কোম্পানি ব্যবহার করছে। তিনি ক্ষতিপূরণ চেয়ে আইনের আশ্রয় গ্রহণ করেন।

ক. কপিরাইট কী? ১

খ. ISO 9003 সম্পর্কে ব্যাখ্যা করো। ২

গ. মানজারের আবিষ্কারটি কোন আইনে নিবন্ধিত হয়েছিল? ব্যাখ্যা করো। ৩

Teachingbd.com

ঘ. উদ্দীপকে 'স্কাই ব্লু' কোম্পানির তিনটি পাখা সম্বলিত চিহ্নের উপযোগিতা মূল্যায়ন করো। ৪

৭. জার্মানি, ফ্রান্স ও ইতালির অর্থনৈতিক সমৃদ্ধির কথা জানে না এমন কে আছে? অথচ তাদের এ সমৃদ্ধিও ব্যবসায়িক সাফল্যের পেছনে আছে এক বিশ্বখ্যাত অর্থনৈতিক জোট। যেখানে সদস্য দেশগুলো একই মুদ্রা ব্যবহার করে। অর্থনৈতিক উন্নয়নে এবং মুক্তবাণিজ্য এলাকা স্থাপনে এ জোট সারা বিশ্বের কাছে এক অনন্য দৃষ্টান্ত।

ক. WTO কী? ১

খ. TMSS কী কী কর্মসূচি পরিচালনা করে থাকে? ২

গ. উদ্দীপকে কোন অর্থনৈতিক জোটের কথা বলা হয়েছে? ৩

ঘ. উন্নয়নশীল দেশগুলোর জন্য কি এ জোট অনুসরণীয় হতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৮. হাফিজ লেখাপড়া শেষ করে রংপুর সুপার মার্কেটে 'রকমারি 'টি' শার্ট' নামে একটি ব্যবসায় শুরু করেন। সে 'টি' শার্ট বাজারজাতকরণের জন্য ফেসবুক ও বিভিন্ন ধরনের ওয়েবসাইটে বিজ্ঞাপন দেয়। বিজ্ঞাপন দেখে ক্রেতারা যেকোনো সময় পছন্দানুসারে 'টি' শার্ট সংগ্রহ করতে পারে। ফলে দেখা যায়, অন্যান্য ব্যবসায়ীদের চেয়ে দোকানে ক্রেতা সমাগম বেশি ঘটে।

ক. ডেবিড কার্ড কী? ১

খ. এম-কমার্স কোন ধরনের ব্যবসায়? ২

গ. হাফিজ কোন ধরনের বিপণন পদ্ধতি ব্যবহার করে? বর্ণনা করো। ৩

ঘ. তুমি কি মনে করো হাফিজ অন্য ব্যবসায়ীদের চেয়ে বেশি সুবিধা ভোগ করে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯. ইমতিয়াজ ও রাজিন দু'জন ব্যবসায়ী। ইমতিয়াজ সীমিত মুনাফা ও মানসম্মত সেবা এ দুই নীতির আলোকে ব্যবসায় করেন। তার ব্যবসায়ের মুনাফা কম হলেও তিনি খুব খুশি। অন্যদিকে রাজিন হঠাৎ করে ধনী হওয়ার আশায় ক্রেতাকে মিথ্যা কথা বলে অপেক্ষাকৃত নিম্নমানের পণ্য সাজিয়ে দেয়। ক্রেতারা তাৎক্ষণিকভাবে তা না বুঝলেও পরবর্তীতে এ নিয়ে তীব্র প্রতিক্রিয়া প্রদর্শন করে।

ক. মূল্যবোধ কী? ১

খ. শিল্প-কারখানা কীভাবে পরিবেশ দূষণ করে? ২

গ. উদ্দীপকে বর্ণিত ইমতিয়াজ কার প্রতি সামাজিক দায়িত্ব পালন করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রাজিনের ব্যবসায় কার্যক্রমটি নৈতিকতার বিচারে মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট **বহুনির্বাচনি** পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য : ৪০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **জনসংখ্যা কোন ধরনের পরিবেশের উপাদানের অন্তর্ভুক্ত?**
ক প্রাকৃতিক খ রাজনৈতিক
গ সামাজিক ঘ অর্থনৈতিক

২. **চুক্তিপত্রের অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের মুনাফা কীভাবে বণ্টিত হয়?**
ক সমহারে খ মূলধন অনুপাতে
গ পারস্পরিক সম্মতিতে ঘ আদালতের সিদ্ধান্তে

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মিসেস শাহানার যুব অধিদপ্তরের একটি ট্রেডে প্রশিক্ষণ নিয়ে কর্মসংস্থান ব্যাংক হতে ১ লক্ষ টাকা ঋণ নেন এবং এলাকার বেকার মেয়েদের সংগঠিত করে একটি তৈরি পোশাক কারখানা গড়ে তোলেন।

৩. **উদ্দীপকে মিসেস শাহানারা কর্তৃক তৈরি পোশাক কারখানা গড়ে তোলাকে কী বলে?**
ক ব্যবসায় উদ্যোগ খ আত্মকর্মসংস্থান
গ ব্যবসায় ঘ উদ্যোগ

৪. **ব্যবসায় পরিচালনায় মিসেস শাহানারাকে কোন ধরনের সমস্যা মোকাবিলা করতে হতে পারে?**
ক কর্মী নিয়োগ খ অর্থসংস্থান
গ বিপণন ঘ প্রশিক্ষণ

৫. **গুদামজাতকরণ কোন ধরনের উপযোগ সৃষ্টি করে?**
ক জ্ঞানগত খ ঝুঁকিগত
গ স্থানগত ঘ কালগত

**উদ্দীপকটি পড়ো এবং ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
টিপু চীন থেকে সুতা ও কটন কিনে এনে পোশাক প্রস্তুত করে ইউরোপে বিক্রি করে।

৬. **উদ্দীপকে টিপুর কাজকে কী বলা হয়?**
ক আমদানি খ রপ্তানি
গ পুনঃরপ্তানি ঘ আমদানি-রপ্তানি

৭. **বাংলাদেশের গার্মেন্টস শিল্পে শিশুশ্রম বন্ধের পিছনে কোন পরিবেশের উপাদান সবচেয়ে বেশি?**
ক সামাজিক খ আইনগত
গ রাজনৈতিক ঘ সাংস্কৃতিক

৮. **সমজাতীয় পণ্য উৎপাদনে যে সংগঠন বেশি উপযোগী তা হলো—**
ক একমালিকানা খ অংশীদারি
গ কোম্পানি ঘ সমবায় সমিতি

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. আকাশ জীবনে অনেক বড় ব্যবসায়ী হওয়ার স্বপ্ন দেখেন। তিনি এমন কোম্পানি গঠন করতে চান, যা এ ধরনের আরও ৫/৭টি কোম্পানি গঠন, পরিচালনা ও নিয়ন্ত্রণ করবে। তিনি মনে করেন একবার জনগণের আস্থা অর্জন করতে পারলে শেয়ার বিক্রয়ের জন্য ভাবতে হবে না।

৯. **মি. আকাশ কোন ধরনের কোম্পানি গঠন করতে চান?**
ক বিধিবদ্ধ খ পাবলিক লি.
গ হোল্ডিং ঘ সাবসিডিয়ারি

১০. **এ ধরনের কোম্পানির শেয়ার ক্রয়ে জনগণের আগ্রহী হওয়ার কারণ?**
i. চিরন্তন অস্তিত্ব ii. সীমিত দায়
iii. স্বাধীন সত্তা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **সমবায় সমিতির মূল দলিলকে কী বলে?**
ক বিধিমালা খ উপবিধি
গ সংঘস্মারক ঘ সংঘবিধি

**উদ্দীপকটি পড়ো এবং ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
বিটিটিবি টেলিফোনে নেটওয়ার্ক সম্প্রসারণের কাজ করে। ল্যান্ড ফোন সংযোগ দেয়া এবং এর প্রধান কাজ হলেও এটি মোবাইল ফোনে সেবা দেয়।

১২. **টেলিটক কোন ধরনের কোম্পানি?**
ক পাবলিক লি. খ প্রাইভেট লি.
গ রাষ্ট্রীয় ব্যবসায় ঘ স্বায়ত্তশাসিত

১৩. **বাংলাদেশের শিল্প প্রতিষ্ঠানের শতকরা কতভাগ ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান?**
ক ৮০% খ ৮৫% গ ৯০% ঘ ৯৫%

১৪. **B2C কোন ধরনের ই-বিজনেস?**
ক ই-কমার্স খ ই-রিটেইলিং
গ ই-ব্যাংকিং ঘ ই-মার্কেটিং

১৫. **ঝুঁকি গ্রহণ উদ্যোক্তার কোন ধরনের গুণাবলি?**
ক অর্থনৈতিক খ সামাজিক
গ ব্যক্তিগত ঘ মানসিক

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**
সিলেট মনিপুরী পল্লির তাঁতিরা মিলে একটি সমবায় সমিতি গঠন করে। সমিতির মূল দলিলে বলা আছে, সদস্যদের স্বার্থে সমিতি উপকরণাদি ক্রয় ও উৎপাদিত সামগ্রী বিক্রয় এবং সমিতি থেকে ঋণ সুবিধার ব্যবস্থা করবে। প্রথমে উৎসাহ থাকলেও এখন সমিতি চালাতে সদস্যদের অনীহা দেখা যায়।

১৬. **উদ্দীপকে তাঁতিদের দ্বারা গঠিত সমিতিটি কোন শ্রেণির সমিতি?**
ক ক্রয় খ বিক্রয়
গ উৎপাদক ঘ বহুমুখী

১৭. **সদস্যদের সমিতি চালাতে অনীহা দেখানোর কারণ হতে পারে—**
i. পরিচালকদের দক্ষতার অভাব
ii. স্বজনপ্রীতি
iii. পারস্পরিক অবস্থার অভাব
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ i ও iii ঘ i, ii ও iii

১৮. **অনলাইন ব্যবসায়ের কোনটির মাধ্যমে পরিচালিত হয়?**
ক নির্দিষ্ট ওয়েবসাইট খ ডিজিটাল অফিস রুম
গ নির্দিষ্ট ই-মেইল ঘ মোবাইল

১৯. **মূল্যবোধ দ্বারা মানুষের কোনটি প্রভাবিত হয়?**
ক আচরণ খ উপজীবিকা
গ বিবেক ঘ জ্ঞান

২০. **কর্ণফুলী পেপার মিল কোন সংস্থার অন্তর্ভুক্ত?**
ক BJMC খ BCIC
গ BTMC ঘ BSFIC

২১. **রাষ্ট্রীয় ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কোনটি?**
ক জনকল্যাণ খ কর্মসংস্থান সৃষ্টি
গ মুনাফা অর্জন ঘ সম্পদ সৃষ্টি

http://teachingbd.com

২২. ব্যবসায়ের মুখ্য উদ্দেশ্য কোনটি?
ⓚ সম্পত্তি অর্জন ⓚ মুনাফা অর্জন

(ক) সম্পত্তি অর্জন (খ) মুনাফা অর্জন
(গ) মানবসেবা (ঘ) গ্রাহক সন্তুষ্টি

২৩. মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্য ও সেবা ক্রয়-বিক্রয় সংক্রান্ত কাজকে কী বলে?
(ক) ব্যবসায় (খ) বাণিজ্য
(গ) প্রত্যক্ষ সেবা (ঘ) পণ্য বিনিময়

২৪. উৎপাদনের বাহন কোনটি?
(ক) শিল্প (খ) বাণিজ্য
(গ) অর্থ (ঘ) শ্রমিক-কর্মী

২৫. WTO-এর সচিবলায় কোথায় অবস্থিত?
(ক) ইতালি (খ) প্যারিস
(গ) জেনেভা (ঘ) লন্ডন

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।**
কুমিল্লায় নিজস্ব জমি থাকা সত্ত্বেও মি. জাহিদ সিলেটে কিছু জমি লিজ নিয়ে কমলালেবু চাষ করেন এবং উৎপন্ন কমলালেবু ছোট-বড় বিভিন্ন সাইজে ভাগ করে দেশের বিভিন্ন বাজারে বিক্রি করেন।

২৬. উদ্দীপকে মি. জাহিদের কাজটি ব্যবসায়ের কোন কার্যাবলির অন্তর্ভুক্ত?
(ক) পর্যায়িতকরণ (খ) প্রমিতকরণ
(গ) মোড়ককিকরণ (ঘ) পৃথকীকরণ

২৭. পরিবেশের কোন উপাদান বিবেচনায় মি. জাহিদ সিলেটে কমলালেবু চাষে উৎসাহী হয়েছিলেন?
(ক) প্রাকৃতিক (খ) সামাজিক
(গ) প্রাকৃতিক ও সামাজিক
(ঘ) প্রাকৃতিক ও অর্থনৈতিক

২৮. ব্যবসায়কে ক্যারিয়ার হিসেবে গ্রহণ করার পিছনে উপযুক্ত কারণ হতে পারে—
i. সামাজিক মর্যাদা প্রাপ্তি
ii. জীবিকার্জন
iii. সামাজিক কল্যাণ
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৯. পাবলিক লি. কোম্পানিতে ন্যূনতম পরিচালক সংখ্যা থাকে?
(ক) ২ জন (খ) ৩ জন (গ) ৫ জন (ঘ) ৭ জন

**উদ্দীপকটি পড়ো এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
রেডরোজ নামক একটি প্রতিষ্ঠান প্রতিবছর যে মুনাফা অর্জন করে তা শেয়ার মালিকদের মাঝে বিতরণ না করে কোম্পানির উদ্দেশ্যসমূহ বাস্তবায়নে ব্যয় করে।

৩০. উদ্দীপকের রেডরোজ কোম্পানিটি কোন ধরনের কোম্পানি?
(ক) প্রাইভেট লি. (খ) বিধিবন্ধ
(গ) সাবসিডিয়ারি (ঘ) অব্যবসায়ী

৩১. বাংলাদেশে কত সালের পেটেন্ট ও ডিজাইন আইন প্রচলিত?
(ক) ১৯১৯ (খ) ১৯৩২ (গ) ১৯৯৪ (ঘ) ২০০১

৩২. বিবরণপত্র. প্রচারের কতদিনের মধ্যে পাবলিক লিমিটেড কোম্পানিকে ন্যূনতম মূলধন সংগ্রহ করতে হয়?
(ক) ৩০ দিন (খ) ৬০ দিন
(গ) ৯০ দিন (ঘ) ১২০ দিন
*সঠিক উত্তর: ১৮০ দিন।

৩৩. নিচের কোনটি একমালিকানা ব্যবসায়ের সুবিধা বহির্ভূত?
(ক) ঝুঁকির স্বল্পতা (খ) ব্যক্তি সামর্থ্য
(গ) দ্রুত সিদ্ধান্ত (ঘ) কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ

৩৪. যে অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্রে মেয়াদকাল উল্লেখ থাকে না তাকে বলে?
(ক) সীমিত অংশীদারি ব্যবসায়
(খ) ঐচ্ছিক অংশীদারি ব্যবসায়
(গ) সাধারণ অংশীদারি ব্যবসায়
(ঘ) অনির্দিষ্ট অংশীদারি ব্যবসায়

৩৫. বুদ্ধিবৃত্তিক সম্পত্তির বিষয় হলো—
i. পেটেন্ট ii. কপিরাইট
iii. বিএসটিআই
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।**
কুমিল্লার ধর্মপুর গ্রামের কৃষকদের দ্বারা গঠিত বন্ধন সমবায় সমিতি ২০১২ সালে মুনাফা করে ১০,০০০ টাকা, ২০১৩ সালে ১৫,০০০ টাকা এবং ২০১৪ সালে ১২,০০০ টাকা এবং ২০১৫ সালে ১৩,০০০ টাকা।

৩৬. বন্ধন সমবায় সমিতির সঞ্চিত তহবিলে মোট কত টাকা জমা হয়?
(ক) ৫,৫০০ টাকা (খ) ৬,৫০০ টাকা
(গ) ৭,৫০০ টাকা (ঘ) ৮,৫০০ টাকা

৩৭. ব্যবসায়ের সামাজিক দায়িত্ব পালনের উদ্দেশ্য হলো—
(ক) বিক্রয় বৃদ্ধি (খ) মুনাফা সর্বাধিকরণ
(গ) সম্পর্ক উন্নয়ন
(ঘ) প্রতিযোগিতায় টিকে থাকা

**উদ্দীপকটি পড়ো এবং ৩৮ ও ৩৯নং প্রশ্নের উত্তর দাও।**
সজীব, সালাম, ও সাজিদ প্রত্যেকে সমান মূলধন দ্বারা লিখিত সমঝোতার ভিত্তিতে একটি ব্যবসায় সংগঠন গড়ে তোলে। সালাম ব্যবসায় পরিচালনার অংশগ্রহণ না করেও সমান মুনাফা পায়। ইতোমধ্যে সালাম আরেকটি ব্যবসায়ে দেউলিয়া ঘোষিত হয়।

৩৮. উদ্দীপকে সালাম কোন ধরনের অংশীদার?
(ক) কর্মী (খ) ঘুমন্ত
(গ) নামমাত্র (ঘ) প্রতিবন্ধ

৩৯. অংশীদারি আইন অনুযায়ী উদ্দীপকের প্রতিষ্ঠানটির উপযুক্ত অবসায়ন পদ্ধতি হতে পারে—
(ক) বাধ্যতামূলক (খ) বিজ্ঞপ্তির দ্বারা
(গ) ঘটনা সাপেক্ষে (ঘ) আদালতের নির্দেশে

৪০. স্মারকলিপির বিষয়বস্তু হলো—
i. নাম ধারা ii. মূলধন ধারা
iii. উদ্দেশ্য ধারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | * | ৩৩ | খ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | গ | ৩৭ | গ | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com